E-ZPass মূল প্ল্যান

MTA ব্রিজ অ্যান্ড টানেল/নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে/পোর্ট অথরিটি অব NY অ্যান্ড NJ/নিউ ইয়র্ক স্টেট ব্রিজ অথরিটি মূল প্ল্যান এবং বাফেলো অ্যান্ড ফোর্ট এরি পাবলিক ব্রিজ অথরিটি (পীস ব্রিজ): কোনো সর্বনিম্ন ব্যবহারের প্রয়োজন নেই। সকল **পোর্ট অথরিটির** ফ্যাসিলিটিতে, *E-ZPass*ছাড় পাওয়া যায়। সকল **MTA ব্রিজ অ্যান্ড টানেলে**, *E-ZPass* ছাড় পাওয়া যায়। সকল **নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে** এবং **নিউ ইয়র্ক স্টেট ব্রিজ অথরিটির** ফ্যাসিলিটিতে, *E-ZPass* ছাড় প্রযোজ্য। যেখানে *E-ZPass* প্রতীক প্রদর্শিত রয়েছে দেখবেন সেখানেই এই প্ল্যান ব্যবহার করা যেতে পারে।
প্ল্যান কোড: (স্ট্যান্ডার্ড) - আবশ্যকীয় আগাম অর্থ প্রদান ($25.00)।

কমিউটার প্ল্যানসমূহ

Thruway Gov. Mario M. Cuomo Bridge Commuter Plan: গভ. মারিও এম. কুওমো ব্রিজে প্রতি ভ্রমণে $2.00 ছাড় ($3.00 বনাম $5.00 নগদ হারে) পাবেন। প্রতি মাসে ন্যূনতম 20 বার ভ্রমণ আবশ্যক। যদি প্রতি মাসে 20 বারের কম ভ্রমণ করা হয়, তবে করা হয়নি এমন প্রতিটি ভ্রমণের জন্য আপনাকে $3.00 প্রদান করতে হবে। **প্ল্যান কোড: (MCC) - আবশ্যকীয় আগাম অর্থ প্রদান ($60.00)।**

Thruway Grand Island Commuter Plan: গ্র্যান্ড আইল্যান্ড ব্রিজে প্রতি ভ্রমণে $0.72 ছাড় ($0.28 বনাম $1.00 নগদ হারে) পাবেন। প্রতি মাসে ন্যূনতম 20 বার ভ্রমণ আবশ্যক। যদি প্রতি মাসে 20 বারের কম ভ্রমণ করা হয়, তবে করা হয়নি এমন প্রতিটি ভ্রমণের জন্য আপনাকে $0.28 প্রদান করতে হবে। যদি এই প্ল্যান নির্বাচন করেন, তবে আবেদনের বক্স B-তে উল্লেখ্য আবশ্যকীয় আগাম $25 প্রদান মওকুফ করা হবে। **প্ল্যান কোড: (GIC) - আবশ্যকীয় আগাম অর্থ প্রদান ($5.00)।**

Thruway New Rochelle Commuter Plan: নিউ রোচেল ব্যারিয়ারে $0.65 ছাড় ($1.10 বনাম $1.75 নগদ হারে) পাবেন। প্রতি মাসে ন্যূনতম 20 বার ভ্রমণ আবশ্যক। যদি প্রতি মাসে 20 বারের কম ভ্রমণ করা হয়, তবে করা হয়নি এমন প্রতিটি ভ্রমণের জন্য আপনাকে $1.10 প্রদান করতে হবে। **প্ল্যান কোড: (NRC) - আবশ্যকীয় আগাম অর্থ প্রদান ($25.00)।**

Thruway Yonkers Commuter Plan: ইয়ংকারস ব্যারিয়ারে $0.70 ছাড় ($0.55 বনাম $1.25 নগদ হারে) পাবেন। প্রতি মাসে ন্যূনতম 35 বার ভ্রমণ আবশ্যক। যদি প্রতি মাসে 35 বারের কম ভ্রমণ করা হয়, তবে

করা হয়নি এমন প্রতিটি ভ্রমণের জন্য আপনাকে $0.55 প্রদান করতে হবে। **প্ল্যান কোড: (YKC) - আবশ্যকীয় আগাম অর্থ প্রদান ($25.00)।**

Thruway Harriman Commuter Plan: হ্যারিম্যান ব্যারিয়ারে $0.70 ছাড় ($0.55 বনাম $1.25 নগদ হারে) পাবেন। প্রতি মাসে ন্যূনতম 35 বার ভ্রমণ আবশ্যক। যদি প্রতি মাসে 35 বারের কম ভ্রমণ করা হয়, তবে করা হয়নি এমন প্রতিটি ভ্রমণের জন্য আপনাকে $0.55 প্রদান করতে হবে। হ্যারিম্যানের উত্তর দিক হতে থ্রুওয়ে এর টিকেটের অন্তর্ভুক্ত অংশে ভ্রমণের ক্ষেত্রে ছাড় প্রযোজ্য নয়। **প্ল্যান কোড: (HAC) - আবশ্যকীয় আগাম অর্থ প্রদান ($25.00)।**

New York State Bridge Authority Discount Plan: রিপ ভ্যান উইংকেল, কিংস্টন-রাইনক্লিফ, মিড-হাডসন, নিউবার্গ-বীকন এবং বিয়ার মাউন্টেইন ব্রিজে $0.50 ছাড় ($1.00 বনাম $1.50 নগদ হারে) পাবেন। প্রতি মাসে ন্যূনতম 17 বার ভ্রমণ আবশ্যক। যদি প্রতি মাসে 17 বারের কম ভ্রমণ করা হয়, তবে করা হয়নি এমন প্রতিটি ভ্রমণের জন্য আপনাকে $1.00 প্রদান করতে হবে। এই প্ল্যান একটি নির্দিষ্ট *E-ZPass* ট্যাগের জন্য নির্ধারিত। **প্ল্যান কোড: (NYSBA) - আবশ্যকীয় আগাম অর্থ প্রদান ($25.00)।**

Port Authority Staten Island Bridges Plan: সবসময় পাওয়া যায়
পোর্ট অথরিটি NY/NJ স্ট্যাটেন আইল্যান্ড ব্রিজ প্ল্যান (PASI) নগদ টোল রেট থেকে 58% ছাড় প্রদান করে। বাণিজ্যিক নয় এমন প্লেট এবং *E-ZPass* নিউ ইয়র্ক অথবা নিউ জার্সিতে ব্যক্তিগত *E-ZPass* অ্যাকাউন্ট রয়েছে এমন যানবাহনের ক্ষেত্রে পোর্ট অথরিটি কারপুল প্ল্যান প্রযোজ্য। নিবন্ধন প্রয়োজন। এই প্ল্যানে বায়ন ব্রিজ, গোয়েথালস ব্রিজ অথবা আউটারব্রিজ ক্রসিংয়ে প্রতি ভ্রমণে টোলের হার হচ্ছে $6.25 (সেই সাথে দুই অ্যাক্সেলের বাইরে অতিরিক্ত প্রতি অ্যাক্সেলের জন্য $9.50), এর শর্ত হল কারপুল বা গ্রীণ পাস প্ল্যানের অধীনে ছাড় গ্রহণ না করে একটি ক্যালেন্ডার মাসের মধ্যে কমপক্ষে তিন বার স্ট্যাটেন আইল্যান্ডে ভ্রমণ করা। যদি তিনবার ভ্রমণ করা না হয়, তবে গ্রাহকগণ প্রচলিত *E-ZPass* (পিক অথবা অফ-পিক) হারে অর্থ পরিশোধ করেন। অ্যাকাউন্টের সকল *E-ZPass* ট্যাগ ন্যূনতম তিনবার ভ্রমণের শর্তের ক্ষেত্রে প্রযোজ্য। **প্ল্যান কোড: (PASI)**

Thruway Annual Permit Plan: থ্রুওয়ে টিকেট পদ্ধতিতে একটি বার্ষিক ফি দ্বারা প্রতি ভ্রমণে প্রথম 30 মাইল বা তারও কম সময়ের ভ্রমণের জন্য টোল পরিশোধ করা হয়, এর ব্যতিক্রম হয় যখন আপনি ক্যাসলটন-অন-হাডসন ব্রিজ ভ্রমণ করেন যেখানে $0.62 সারচার্জ প্রদান করতে হয়। আপনি কোন মাসে সাইন আপ করেন তার উপর নির্ভর করে প্রতিটি ট্যাগের জন্য নিম্নোক্ত পরিমাণ অর্থ প্রদান করুন:

জানুয়ারি $88; ফেব্রুয়ারি $81; মার্চ $74; এপ্রিল $67; মে $60; জুন $53; জুলাই $46; আগস্ট $39; সেপ্টেম্বর $32; অক্টোবর $24; নভেম্বর $16; ডিসেম্বর $8। এই প্ল্যান একটি নির্দিষ্ট *E-ZPass* ট্যাগের জন্য নির্ধারিত। প্ল্যান ক্রয়ের 60 দিনের পরে এই প্ল্যান বিক্রির অর্থ ফেরত দেওয়া হবে না। **প্ল্যান কোড: (NY12)**

পোর্ট অথরিটি ট্রাক ভলিউম ডিসকাউন্ট: নন-পিক সময়ে নিউ ইয়র্ক অথবা নিউ জার্সিতে বাণিজ্যিক অ্যাকাউন্ট রয়েছে এমন যেসব *E-ZPass* গ্রাহকগণ পোর্ট অথরিটি থেকে নিউ ইয়র্কে 100 বা তার বেশি সময় ভ্রমণ করে থাকেন সেসব গ্রাহকগণকে ট্রাক ভলিউম ডিসকাউন্ট প্রোগ্রাম *E-ZPass* অফ-পিক টোল হারে অতিরিক্ত 10% ছাড় প্রদান করে। প্রোগ্রামে নিবন্ধন করা ছাড়াই উপযুক্ত অ্যাকাউন্টসমূহে প্রতি মাসে ছাড়ের পরিমাণ জমা হয়ে যাবে।

Verrazano-Narrows Bridge Commercial Rebate Program: MTA রিবেট প্রোগ্রামের ফলে, একই *E-ZPass* নিউ ইয়র্ক বাণিজ্যিক ও ব্যবসায়িক অ্যাকাউন্ট ব্যবহারকারী যেসব বাণিজ্যিক যানবাহন একটি ক্যালেন্ডার মাসে ভেরাজানো-ন্যারো ব্রিজে ন্যূনতম 11 বার ভ্রমণ করে এমন যানবাহনগুলো ছাড় পাবে যা তাদের *E-ZPass* টোল 16.25% কমিয়ে দেয়। ফেডারেল আইন অনুসারে শুধুমাত্র Staten Island আবদ্ধকারী গতিপথে টোল আদায় করা হয়। রিবেট প্রোগ্রামে নিবন্ধনের প্রয়োজন নেই; নিউ ইয়র্কের সকল গ্রাহক সেবা কেন্দ্রের বাণিজ্যিক এবং ব্যবসায়িক অ্যাকাউন্টগুলো স্বয়ংক্রিয়ভাবে নিবন্ধিত হয়। অনুগ্রহ করে মনে রাখবেন যে যাত্রীবাহী যানবাহনের ভ্রমণের জন্য যোগ্য নয় এবং ছাড় পাওয়ার জন্য আপনার অ্যাকাউন্টকে অবশ্যই ভালো অবস্থায় থাকতে হবে। যতদিন রিবেট প্রোগ্রামটি কার্যকর থাকবে ততক্ষণ পর্যন্ত উপযুক্ত অ্যাকাউন্টগুলোতে ছাড় প্রদান অব্যাহত থাকবে। **প্ল্যান কোড: (VNC)**

বসবাসকারীদের জন্য ছাড় প্ল্যানসমূহ

MTA Bridges and Tunnels Staten Island Residents (SIR)*: MTA রিবেট প্রোগ্রামের ফলে, ভেরাজানো-ন্যারো ব্রিজে বাসিন্দাগণকে $5.50 মূল্যের (মেইলের মাধ্যমে $19.00 টোলের বনামে) কার্যকর টোল হার প্রদান করতে হয়, যেখানে ফেডারেল আইন অনুসারে শুধুমাত্র Staten Island আবদ্ধকারী গতিপথে টোল আদায় করা হয়। একটি ক্যালেন্ডার মাসে এক বা দুইবার ভ্রমণ করেন এমন গ্রাহকগণ $7.26 মূল্যের SIR টোলে $1.76 ছাড় পাবেন। একটি ক্যালেন্ডার মাসে তিন বা ততোধিকবার ভ্রমণ করেন এমন গ্রাহকগণ $6.88 মূল্যের SIR টোলে $1.38 ছাড় পাবেন। এই রিবেট (ছাড়) প্রোগ্রাম বন্ধ হওয়ার পর, এক বা দুইবার ভ্রমণ করা হয় এমন অ্যাকাউন্টের জন্য SIR টোল $7.26 এবং দুইয়ের অধিকবার ভ্রমণ করা হয় এমন অ্যাকাউন্টের জন্য SIR টোল $6.88 হবে। যানবাহনগুলোকে অবশ্যই Staten Island এ

একটি বৈধ আবাসিক ঠিকানায় নিবন্ধিত হতে হবে। অনুগ্রহ করে মনে রাখবেন যে বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত যানবাহন বসবাসকারীদের জন্য পরিকল্পনার জন্য উপযুক্ত নয়। আবাসিক অবস্থা পর্যায়ক্রমিক পর্যালোচনা সাপেক্ষ। **প্ল্যান কোড: (SIR)**

MTA ব্রিজ অ্যান্ড টানেল রকওয়ে/ব্রড চ্যানেলের বসবাসকারী*: মেরিন পার্কওয়ে এবং ক্রস বে ব্রিজে প্রতি ভ্রমণে $3.26 ছাড় ($1.49 বনাম মেইলের মাধ্যমে $4.75 টোল) পাবেন। MTA দ্বারা প্রতিটি ভ্রমণের পর ক্রস বে ব্রিজের টোল কমানো হয়। যানবাহনসমূহকে রকওয়ে/ব্রড চ্যানেলের নিম্নোক্ত জিপকোডগুলোর বৈধ আবাসিক ঠিকানায় নিবন্ধিত হতে হবে: 11691, 11692, 11693, 11694, 11695 এবং 11697। অনুগ্রহ করে মনে রাখবেন যে বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত যানবাহন বসবাসকারীদের জন্য পরিকল্পনার জন্য উপযুক্ত নয়। আবাসিক অবস্থা পর্যায়ক্রমিক পর্যালোচনা সাপেক্ষ। **প্ল্যান কোড: (RR)**

থ্রুওয়ে গ্র্যান্ড আইল্যান্ড রেসিডেন্ট*: গ্র্যান্ড আইল্যান্ড ব্রিজে প্রতি ভ্রমণে $0.91 ছাড় ($0.09 বনাম $1.00 নগদ হারে) পাবেন। গ্র্যান্ড আইল্যান্ডে বসবাসের প্রমাণ উপস্থাপন আবশ্যক। কোনো সর্বনিম্ন ব্যবহারের প্রয়োজন নেই। আবাসিক অবস্থা পর্যায়ক্রমিক পর্যালোচনা সাপেক্ষ। যদি এই প্ল্যান নির্বাচন করেন, তবে আবেদনের বক্স B-তে উল্লেখ্য আবশ্যকীয় আগাম $25 প্রদান মওকুফ করা হবে। **প্ল্যান কোড: (GIR) - আবশ্যকীয় আগাম অর্থ প্রদান ($5.00)।**

MTA Staten Island Resident Carpool Plan (SICP)*: তিন বা তার বেশি যাত্রীবাহী যানবাহনের জন্য ভেরাজানো-ন্যারো ব্রিজে প্রতি ভ্রমণে $15.60 ছাড় ($3.40 বনাম $19.00 নগদ হারে) পাবেন। ছাড় পাওয়ার জন্য গ্রাহকগণের যানবাহনে অবশ্যই পরিবর্তনযোগ্য HOV *E-ZPass* ট্যাগ থাকতে হবে। যানবাহনগুলোকে অবশ্যই Staten Island এ নিবন্ধিত এবং *E-ZPass* অ্যাকাউন্টে তালিকাবদ্ধ হতে হবে। অনুগ্রহ করে ভিজিট করুন http://web.mta.info/bandt/html/sicarpol.html স্ট্যাটেন আইল্যান্ড রেসিডেন্ট (SIR) HOV *E-ZPass* ট্যাগের জন্য আবেদন করতে এবং শর্তাবলি সম্পর্কে আরো তথ্য পেতে। অনুগ্রহ করে মনে রাখবেন যে বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত যানবাহন বসবাসকারীদের জন্য পরিকল্পনার জন্য উপযুক্ত নয়। **প্ল্যান কোড: (SICP)।**

* বসবাসকারী হিসেবে প্রমাণ উপস্থাপনের জন্য আপনাকে অবশ্যই আপনার ড্রাইভার লাইসেন্স, ইউটিলিটি বিল অথবা ভাড়ার চুক্তির একটি কপি এবং আবেদনকৃত প্রতিটি *E-ZPass* ট্যাগের জন্য আপনার যানবাহনের নিবন্ধনের কপি প্রদান করতে হবে। একটি গাড়ির নিবন্ধন শুধুমাত্র একটি *E-ZPass* অ্যাকাউন্টে ব্যবহার করা যেতে পারে। আবাসিক অবস্থা পর্যায়ক্রমিক পর্যালোচনা সাপেক্ষ।

যানবাহনের জন্য ছাড় প্ল্যানসমূহ

Port Authority Carpool Plan: সবসময় পাওয়া যায়

বিঃদ্রঃ বায়ন ব্রিজে 20 ফেব্রুয়ারি, 2017 থেকে নগদ টাকা ছাড়া টোল প্রদান চালু হওয়ার পর থেকে সেখানে কারপুল প্ল্যান প্রযোজ্য নয়।

বাণিজ্যিক নয় এমন প্লেট ক্লাস 1 এবং 11 যানবাহন *E-ZPass* নিউ ইয়র্ক অথবা নিউ জার্সিতে ব্যক্তিগত *E-ZPass* অ্যাকাউন্ট রয়েছে এমন এর ক্ষেত্রে পোর্ট অথরিটি কারপুল প্ল্যান (PACP) প্রযোজ্য। নিবন্ধন প্রয়োজন। পোর্ট অথরিটি কারপুল প্ল্যানে প্রতি ভ্রমণে টোলের হার হচ্ছে $6.50 (সেই সাথে দুই অ্যাক্সেলের বাইরে অতিরিক্ত প্রতি অ্যাক্সেলের জন্য $9.50), এর শর্ত হল যানবাহনে তিন বা তার বেশি যাত্রী থাকবে এবং সেই যানবাহনটি বাণিজ্যিক বা ব্যবসায়িক কাজে (যেমন- উপার্জন বা লাভ করার উদ্দেশ্য, ভাড়া দেয়ার জন্য একটি যাত্রীবাহী যানবাহন অন্তর্ভুক্ত করা) নিযুক্ত নয়। গ্রাহকগণকে অবশ্যই একটি কর্মচারী নিযুক্ত "নগদ/*E-ZPass*" পথ ব্যবহার করতে হবে এবং একটি সম্পূর্ণ থামার জায়গাতে আসতে হবে যাতে করে যানবাহনে থাকা যাত্রীর সংখ্যা টোল আদায়কারী যাচাই করতে পারেন। **প্ল্যান কোড: (PACP)**

Port Authority Green Pass Discount Plan*:** *E-ZPass* নিউ ইয়র্কে *E-ZPass* অ্যাকাউন্ট রয়েছে এমন উপযুক্ত যানবাহনের জন্য পোর্ট অথরিটি Green Pass Discount Plan (PAGRN) প্রযোজ্য। নিবন্ধন প্রয়োজন। এই প্ল্যান অনুসারে নিউ ইয়র্কের ক্লিন পাস প্রোগ্রামে যেসব যানবাহন প্রাক-নিবন্ধন করে সেসব উপযুক্ত যানবাহনের তালিকার ক্ষেত্রে অফ-পিক সময়ে প্রতি ভ্রমণে টোলের হার হচ্ছে $7.00 (সেই সাথে দুই অ্যাক্সেলের বাইরে অতিরিক্ত প্রতি অ্যাক্সেলের জন্য $9.50)। **প্ল্যান কোড: (PAGRN)**

Thruway Motorcycle Discount Plan*:** বিশেষ মটরসাইকেল ট্যাগ পাওয়ার জন্য মোটরসাইকেল নিবন্ধনের প্রমাণ উপস্থাপন আবশ্যক। মটরসাইকেলের ক্ষেত্রে নগদ 50% টোল হার চার্জ করা হবে। কমিউটার প্ল্যানসমূহহের সাথে সংযুক্ত করা যাবে না। **প্ল্যান কোড: (MTRC)**

Thruway Green Pass Discount Plan*:** গ্যালন থেকে অন্তত 45 মাইল পায় এবং অথরিটির ওয়েবসাইট www.thruway.ny.gov/ezpass/greentag.html-এ বর্ণিত নির্দিষ্ট নির্গমন মান পূরণ করে এমন হাইব্রিড যানবাহনের ক্ষেত্রে সকল থ্রুওয়ে ফ্যাসিলিটিসমূহে বিশেষ 10% ছাড় পান। কমিউটার প্ল্যানসমূহহের সাথে সংযুক্ত করা যাবে না। **প্ল্যান কোড: (GREEN)**

Thruway Motor Home Discount Plan*:** বিশেষ মোটর হোম ছাড় পাওয়ার জন্য মটর হোম নিবন্ধনের প্রমাণ উপস্থাপন আবশ্যক। মোটর হোমের অ্যাক্সেলের সংখ্যার উপর ভিত্তি করে মটর হোমগুলো যাত্রীবাহী যানবাহনের মূল্য ধার্য করা হবে। **প্ল্যান কোড: (MHM)**

*** বিশেষ ছাড়ের হার পাওয়ার জন্য যানবাহনের নিবন্ধনের প্রমাণ উপস্থাপন আবশ্যক।

স্ট্যান্ডার্ড প্ল্যানের সাথে পে পার ট্রিপ (প্রতি ভ্রমণে অর্থ প্রদান)

স্ট্যান্ডার্ড প্ল্যানের সাথে পে পার ট্রিপ: এটি হচ্ছে একটি "পোস্ট-পেইড" (পূর্বে অর্থ পরিশোধ) যা আপনাকে আপনার *E-ZPass* অ্যাকাউন্টকে আপনার ব্যাংকের অ্যাকাউন্টের সাথে যুক্ত করতে সক্ষম করে এবং যে যে দিনগুলোতে *E-ZPass* টোল ব্যবহার থাকে সেসব দিনগুলোতে সরাসরি আপনার ব্যাংক অ্যাকাউন্ট থেকে প্রতিদিন একবারই আপনার সকল *E-ZPass* টোল পরিশোধ করুন। অন্যান্য *E-ZPass* প্ল্যানগুলোতে অর্থ যেরকমভাবে "প্রিপেইড ব্যালেন্স" হিসেবে থাকে, এখানে তা সেরকমভাবে থাকে না, কোনো ক্রেডিট কার্ডের নম্বর প্রদনের প্রয়োজন নেই এবং টোল প্রদানের প্রয়োজন না হলে (আপনি যে রাতে সাইন আপ করবেন সেসময়ের কিছু পরিস্থিতি ব্যতীত) আপনার অ্যাকাউন্ট থেকে অর্থ পরিশোধ করতে হবে না। যদি আপনি ঐচ্ছিকভাবে একটি ব্যাকআপ ক্রেডিট কার্ড পরিশোধের ফর্ম প্রদান করে থাকেন, তবে প্রতিটি ট্যাগের জন্য আপনার অ্যাকাউন্টে অর্থ জমা রাখার প্রয়োজন নেই এবং আপনার ব্যাংক অ্যাকাউন্ট থেকে অর্থ উত্তোলন করতে কোনো কারণে ব্যর্থ হলে সে ক্ষেত্রে ক্রেডিট কার্ডটি অর্থ পরিশোধের দ্বিতীয় পদ্ধতি হিসেবে গণ্য হবে। আরো তথ্যের জন্য, পে পার ট্রিপ সম্পর্কিত প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী দেখুন। **প্ল্যান কোড: (PPT)**

যদি নতুন গ্রাহকগণ সাইনআপ করার সময় "স্ট্যান্ডার্ড প্ল্যানের সাথে পে পার ট্রিপ" প্ল্যান বিবরণ নির্বাচন করে থাকেন তবে তারা পে পার ট্রিপ প্ল্যান ব্যবহার করতে পারেন। বর্তমান *E-ZPass* এর গ্রাহকগণ:

- ভিজিট করুন www.e-zpassny.com ওয়েবসাইট এবং আপনার অ্যাকাউন্টে সাইন-ইন করুন।
- প্ল্যানে যান এবং "PPT" নির্বাচন করুন
- আপনার ব্যাংকিং তথ্য প্রবেশ করার জন্য (যদি ইতোমধ্যে আপনার অ্যাকাউন্টের সাথে সংযুক্ত না করা হয়ে থাকে) নির্দেশনাসমূহ অনুসরণ করুন এবং পে পার ট্রিপ নিবন্ধন সম্পন্ন করুন

ব্যবসায়িক বা বাণিজ্যিক গ্রাহকদের জন্য পে পার ট্রিপ প্রযোজ্য নয়।